# জেরুজালেমে আঘাত হানল ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র



সংগৃহীত ছবি

ইরানের একটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে বলে জানিয়েছে আল জাজিরা। সোমবার (২ মার্চ) প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, সাম্প্রতিক হামলায় নিক্ষেপ করা ক্ষেপণাস্ত্রগুলোর একটি সরাসরি শহরটিতে আঘাত করে।

সংবাদমাধ্যমটির এক প্রতিবেদক ঘটনাস্থল থেকে জানান, পশ্চিম জেরুজালেমে হামলার আগে সতর্কতামূলক সাইরেন বাজতে শুরু করে। অল্প সময়ের মধ্যেই একটি ক্ষেপণাস্ত্র এসে নির্দিষ্ট এলাকায় বিস্ফোরিত হয়।

১৯৬৭ সালের ছয়দিনের আরব-ইসরায়েল যুদ্ধের পর ইসরায়েল পূর্ব জেরুজালেমের নিয়ন্ত্রণ নেয়। ফিলিস্তিনিরা এ ভূখণ্ডকে নিজেদের দাবি করলেও বর্তমানে শহরটির প্রশাসনিক ক্ষমতা ইসরায়েলের হাতে।

জেরুজালেমেই অবস্থিত মুসলমানদের অন্যতম পবিত্র স্থান আল-আকসা মসজিদ। ইসলামের প্রথম কিবলা হিসেবে পরিচিত এই মসজিদ সৌদি আরবের মক্কা ও মদিনার পর মুসলিম বিশ্বে বিশেষ মর্যাদা বহন করে।

LENS ASIA